গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০৩.১১.০১৬.২১. ৭০৫ তারিখ : ১৪/০২/২০২৩ খ্রি.

## ১৪৩০ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার দরপত্র আহ্বান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ মূলে জারীকৃত সরকারী হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১ এর মর্মানুযায়ী এবং প্রশাসন-২ শাখার স্মারক নং ৪৬.০৪১.০৩০.০১. ০০.০০১.২০১৮.৯৩, তারিখ ২০ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ মূলে জারীকৃত পরিপত্র মোতাবেক জুড়ী উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাটবাজার সমূহ ১৪৩০ বাংলা সনের (১লা বৈশাখ ১৪৩০ হতে ৩০ শে চৈত্র ১৪৩০ পর্যন্ত ) জন্য ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমে মুখ বন্ধ খামে নিম্ন-বর্ণিত শর্তসমূহে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্ধারিত তারিখে দরপত্রদাতাগণের সম্মুখে(যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্রের বাক্স খোলা হবে। দরপত্র দাতাগণ ধার্য তারিখ ও সময়ের মধ্যে নির্ধারিত স্থানে দরপত্র দাখিল করতে হবে। হাট-বাজার ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। নির্ধারিত তারিখে অ-ইজারাকৃত হাট-বাজারসমূহ পরবর্তী তারিখে ক্রমান্বয়ে ইজারা কার্যক্রম চলমান থাকবে।

### দরপত্র ফরম ক্রয় ও দাখিল সংক্রান্ত তথ্যাদি

| পর্যায় ক্রম | দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য | দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | দরপত্র সিডিউল দাখিলের স্থান |
|---|---|---|---|---|---|---|
| ১ম পর্যায় | ০৬/০৩/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ০৭/০৩/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৭/০৩/২০২৩ বিকাল ৩.০০ ঘটিকা | - | ১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার<br>২. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার<br>৩. উপজেলা ভূমি অফিস, জুড়ী, মৌলভীবাজার<br>৪. সোনালী ব্যাংক লি, জুড়ী শাখা<br>৫. জুড়ী থানা, জুড়ী | ১. জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার<br>২. পুলিশ সুপারের কার্যালয়, মৌলভীবাজার<br>৩. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার<br>৪.উপজেলা ভূমি অফিস জুড়ী, মৌলভীবাজার |
| ২য় পর্যায় | ১৫/০৩/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৩/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ১৬/০৩/২০২৩ বিকাল ৩.০০ ঘটিকা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য | | |
| ৩য় পর্যায় | ২২/০৩/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ২৩/০৩/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ২৩/০৩/২০২৩ বিকাল ৩.০০ ঘটিকা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য | | |
| ৪র্থ পর্যায় | ০৪/০৪/২০২৩ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত | ০৫/০৪/২০২৩ বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত | ০৫/০৪/২০২৩ বিকাল ৩.০০ ঘটিকা | ৩য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য | | |

### ১৪৩০ বাংলা সনের জন্য ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা, সরকারি মূল্য ও সিডিউলমূল্য

| ক্রঃনং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারী ইজারা মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | কামিনীগঞ্জ বাজার | জায়ফরনগর | ৬৮,৮৮,৯১৯/- | ১৪,৪০০/- |
| ০২ | ফুলতলা বাজার | ফুলতলা | ৩৫,৭০,২৯২/- | ৭৮০০/- |
| ০৩ | গোয়ালবাড়ী বাজার | গোয়ালবাড়ী | ৮৫০৫/- | ৫০০/- |
| ০৪ | ভৈরবগঞ্জ বাজার | জায়ফরনগর | ৬৫০১/- | ৫০০/- |
| ০৫ | শাহগঞ্জ বাজার | জায়ফরনগর | ৬১১৩/- | ৫০০/- |

## ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হইতে ১৪৩০ সনের ৩০ শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করিলে অন্য কোন ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয়, তাহা হইলে পুনরায় দরপত্র আহ্বান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। কোন প্রকার ঘষা-মাজা, কাটা, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৮। সড়কের উপর কিংবা সংলগ্ন স্থানে অথবা রাস্তার উপর/পার্শ্বে কোন দোকানপাট স্থাপন করা যাবে না।

৯। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

১০। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

১১। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১২। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১৩। দুই বা ততোধিক দরপত্র দাতাদের দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষেও সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৪। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৬। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে ।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন

১৯। হাটবাজার ইজারার টাকা The Public Demand Recovery Act, 1913অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

২৮.০২.২৩

(রঞ্জন চন্দ্র দে)
উপজেলা নির্বাহী অফিসার
জুড়ী, মৌলভীবাজার
ফোন-০২৯৯৬৬৮৫৪০১
email-unojuri@mopa.gov.bd